দুর্যোগপূর্ণ আবহাওয়াতেও পর্যটকে মুখর কক্সবাজার ও পার্বত্য এলাকা



সংগৃহীত ছবি

টানা বৃষ্টি ও প্রতিকূল আবহাওয়া সত্ত্বেও কক্সবাজার সৈকত ও পার্বত্য চট্টগ্রামের জনপ্রিয় স্পটগুলোতে পর্যটকদের উপচে পড়া ভিড় দেখা গেছে। হোটেল-মোটেলগুলোতে বুকিংয়ের চাপ বাড়ছে, আর নিরাপত্তায় কাজ করছে ট্যুরিস্ট পুলিশ ও লাইফগার্ডরা।

টানা বৃষ্টি ও দুর্যোগপূর্ণ আবহাওয়ার মাঝেও দেশের সবচেয়ে জনপ্রিয় সমুদ্রসৈকত কক্সবাজারে ভিড় জমাচ্ছেন হাজারো পর্যটক। শুক্রবার (৩ অক্টোবর) লাবনী, সুগন্ধা ও কলাতলীসহ সৈকতের বিভিন্ন পয়েন্টে ছিল উৎসবমুখর পরিবেশ। পরিবার, বন্ধু ও প্রিয়জনদের সঙ্গে সময় কাটিয়ে সমুদ্রের ঢেউ উপভোগ করেছেন তারা।

সৈকতের পাশাপাশি কক্সবাজারের বিভিন্ন দর্শনীয় স্থান ঘুরে বেড়াচ্ছেন ভ্রমণপিপাসুরা। হোটেল-মোটেলগুলোতে চলছে উপচেপড়া ভিড়, ফলে ব্যবসায়ীদের মুখে হাসি ফুটেছে। নিরাপত্তা নিশ্চিতে ট্যুরিস্ট পুলিশ ও লাইফগার্ডরা বাড়তি সতর্কতায় কাজ করছে।

অন্যদিকে, ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নেওয়ার পর বান্দরবানের রুমার কেওক্রাডং পাহাড়ে ভিড় বাড়ছে রোমাঞ্চপ্রেমীদের। রাঙামাটি ও খাগড়াছড়ির পর্যটন কেন্দ্রগুলোতেও সমান ভিড় দেখা গেছে। বিশেষত সাজেকে দলে দলে ভ্রমণপিপাসুরা ছুটে যাচ্ছেন প্রকৃতির টানে।